দৈনিক বাংলা

তারিখ ... 12 JAN 1994 ...
পৃষ্ঠা ... ২ ... কলাম ... ৫ ...

09

# চট্টগ্রামের স্কুলগুলোতে প্রকট ভর্তি সমস্যা

।। স্টাফ রিপোর্টার ।।

চট্টগ্রাম, ১১ই জানুয়ারী।– চট্টগ্রাম মহানগরীতে উচ্চবিদ্যালয়সমূহে ছাত্র ভর্তি সমস্যা প্রকট আকার ধারণ করেছে। গত দু'যুগ ধরে ছাত্র সংখ্যা নির্ধারিত আসনের চাইতে কয়েক গুণ বৃদ্ধি পেয়েছে। সে তুলনায় আসন সংখ্যা বৃদ্ধি পায়নি।

চলতি শিক্ষা বর্ষে চট্টগ্রাম সরকারী স্কুলসমূহে ভর্তি পরীক্ষায় ১ হাজার পাঁচশত আসনে ১০ হাজার ছাত্র–ছাত্রী অংশ নিচ্ছে।

চট্টগ্রাম সরকারী কলেজিয়েট স্কুলে ২ শত ২৫টি আসনের জন্যে ১ হাজার দু'শত ছাত্র, নাসিরাবাদ হাই স্কুলের ৯০টি আসনের জন্যে ১ হাজার ছাত্র, খাস্তগীর গার্লস হাই স্কুলের ৫০টি আসনে ৫ শতাধিক ছাত্রী ভর্তি পরী–ক্ষায় অংশ গ্রহণ করছে। অপর দিকে

( ৩– কঃ দ্রঃ )

## প্রকট ভর্তি সমস্যা

( প্রথম পৃঃ পর )

নগরীর বেসরকারী চারটি নামকরা শিক্ষা প্রতিষ্ঠানে ৮ শত আসনের জন্যে প্রায় ৬ হাজার ছাত্র–ছাত্রী অংশ নিচ্ছে। অন্যান্য স্কুলে ষষ্ঠ শ্রেণীতে ভর্তির তীব্র চাপ পরিলক্ষিত হচ্ছে।

এদিকে নগরীতে কিন্ডার গার্টেন স্কুলের সংখ্যা হু হু করে বেড়ে চলেছে। গত মওসুমে যেখানে অর্ধশতাধিক কিন্ডার গার্টেন স্কুল ছিল সেখানে চলতি শিক্ষাবর্ষে নতুন করে আরো ২৫টি কেজি স্কুল গড়ে ওঠেছে। এ সংখ্যা আগামী বছরে দ্বিগুণ হবে। নগ–রীর অলিগলিতে অস্বাস্থ্যকর পরিবেশে কিন্ডার গার্টেন স্কুল গড়ে ওঠছে। এসব স্কুলের ভর্তি ফিস ৫০০ টাকা থেকে দু'হাজার টাকা পর্যন্ত আদায় করা হচ্ছে। কোন কোন ক্ষেত্রে ডোনেশন ৫ হাজার টাকা পর্যন্ত নেয়া হচ্ছে বলে অভিভাবকরা অভিযোগ করেছেন।